

Basic English Grammar

ফেসবুকঃ www.facebook.com/tanbir.cox

ই-মেইলঃ tanbir.cox@gamil.com

স্বাইপঃ tanbir.cox

PARTS OF SPEECH

Parts of Speech ইংরেজি গ্রামারের একটি গুরুত্বপূর্ণ বিষয়। Parts of Speech ছাড়া ইংরেজি শিখা অসম্ভব। শুদ্ধ ইংরেজি জানার ক্ষেত্রে Parts of Speech এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

Definition: বাক্যের অন্তর্গত প্রত্যেকটি অর্থবোধক শব্দকে **Parts of Speech** বলে।

এখন আমরা জানব Parts of Speech পড়ে আমাদের কি লাভ হবে। আমি আগেই বলেছি Parts of Speech এর প্রয়োজনীয়তা লিখে শেষ করা অসম্ভব তারপরেও আমরা বলতে পারি Parts of Speech থেকে mainly তিনটি বিষয় জানা একান্ডজরস্বরী। সে গুলি হল:

(a) Identifying Parts of Speech: অর্থাৎ Parts of Speech চিনতে হবে কারণ কোন শব্দটা কোন Parts of Speech তা যদি না ধরতে পারি তাহলে আমরা শব্দ সঠিকভাবে ব্যবহার করতে পারব না তাই একটা শব্দের অর্থ জানার পাশাপাশি আমাদের জানা দরকার শব্দটা কোন Parts of Speech.

(b) Word Function: শব্দের কাজ অর্থাৎ একটা শব্দ বাক্যে কি হিসাবে কাজ করবে। Verb হিসাবে না Noun হিসাবে। যদি শব্দটা noun হয় তাহলে noun হিসাবে যদি শব্দটা Verb হয় তাহলে Verb হিসাবে কাজ করবে।


(c) Word Formation: শব্দ গঠন অর্থাৎ একটা শব্দ থেকে আরেকটা শব্দ গঠন করা। হয়তো একটা শব্দের অর্থ আমরা মুখস্থ করলাম, মুখস্থ করার সময় দেখতে হবে শব্দটা Noun না Adjective যদি শব্দটা Noun হয় তাহলে এর অন্যরূপগুলি যেমন: Adjective, Verb, Adverb কি হবে। যেমন: Success শব্দটা Noun এর অর্থ সফলতা এখন জানা দরকার এর অন্য রূপগুলি কি সেগুলি হল: Success শব্দের Verb হল Succeed অর্থ সফল হওয়া। এর Adjective হল Successful অর্থ সফল। এর Adverb হল Successfully অর্থ সফলভাবে। এভাবে আমরা একটা শব্দ থেকে চারটা শব্দ জানতে পারি।

CLASSIFICATION

Parts of Speech are of eight kinds (Parts of Speech আট প্রকার)। যথা:

- | | | | |
|------------|-----------------|-----------------|------------------|
| (a) Noun | (b) Pronoun | (c) Verb | (d) Adjective |
| (e) Adverb | (f) Preposition | (g) Conjunction | (g) Interjection |

Parts of Speech



এখন এই ৮ প্রকারের এক কথায় সংজ্ঞা দেখাব:

- | | |
|------------------|---|
| (a) Noun | : A noun is <u>a naming word.</u> |
| (b) Pronoun | : A pronoun is <u>a replacing word.</u> |
| (c) Verb | : A verb is <u>a doing word.</u> |
| (d) Adjective | : An adjective is <u>a qualifying word.</u> |
| (e) Adverb | : An adverb is <u>a modifying word.</u> |
| (f) Preposition | : A preposition is <u>a relating word.</u> |
| (g) Conjunction | : A conjunction is <u>a joining word.</u> |
| (h) Interjection | : An interjection is <u>an emotion expressing word.</u> |

The name of anything is called a noun (কোন কিছুর নাম কে Noun বলে।) যেমন:

- (a) **Rahim** is a good boy.
 (b) **Dhaka** is the capital of Bangladesh.
 (c) **January** is the first month of English year.

এখানে Rahim, Dhaka, এবং January নাম বুঝাচ্ছে Rahim দ্বারা একজন ব্যক্তির নাম বুঝায়, Dhaka দ্বারা একটি স্থানের নাম বুঝায় এবং January দ্বারা একটি মাসের নাম বুঝায়।


Classification of Noun

Traditional Grammar অনুযায়ী noun প্রথমত: দুই প্রকার। যথা:

- (i) Concrete Noun; (i) Abstract Noun;
 (i) **Concrete Noun:** Concrete Noun আবার চার প্রকার। যথা:
 (a) Proper Noun; (b) Common Noun; (c) Collective noun (d) Material Noun;

এখন Concrete এর এই চার প্রকার এবং Abstract Noun মিলে মোট পাঁচ প্রকার Noun হল।

নীচে ছক এর মাধ্যমে Noun এর প্রকারভেদ দেয়া হল:-



এখন **Concrete Noun** এর এই চার প্রকার এবং **Abstract Noun** মিলে **Noun** মোট পাঁচ প্রকার হল সে গুলি হল:

- (a) Proper Noun; (b) Common Noun; (c) Collective Noun;
 (d) Material Noun; (e) Abstract Noun;

(a) **Proper Noun:** যে শব্দ দ্বারা কোন ব্যক্তি, বস্তু বা স্থানের নির্দিষ্ট নাম বুঝায় তাকে Proper Noun বলে।
 যেমন:

- (a) **Rahim** is a good boy. (b) **Dhaka** is the capital of **Bangladesh**.

(b) **Common Noun:** যে শব্দ দ্বারা কোন ব্যক্তি, বস্তু বা স্থানের সাধারণ নাম বুঝায় তাকে Common Noun বলে।

- a. He is a good **boy**. b. His father is a **doctor**.

(c) **Collective Noun:** যা দ্বারা এককভাবে কাউকে না বুঝায় কোন কিছুর সমষ্টিগত নাম বুঝাবে।

চিনার উপায়ঃ- চিনার জন্য খেয়াল রাখা দরকার যে Collective Noun হল কয়েকটি Noun এর সমষ্টি এটা দ্বারা একাএকা কাউকে বুঝাবে না বরং সকলের সম্মিলিত নাম বুঝাবে। যেমন:

- (a) I read in **class** seven. (b) I saw a **herd** of sheep in the field.

Here **class** and **herd** are collective noun.

(d) **Material Noun:** (দ্রব্য বাচক বিশেষ্য) যে সমস্ত জিনিষ গুনা যায় না শুধুমাত্র ওজন করা যায় তাকে Material Noun বলে। Material Noun এর ক্ষেত্রে যদি আমরা নীচের ছন্দটি মনে রাখি তাহলে চেনা সহজ হবে-

গুনতে পারি না ওজন করি,

Material Noun তাকে ধরি।

Material Noun এর আগে

Articles কভু নাহি লাগে।

যেমন: (a) **Gold** is a precious metal.

(b) **Water** is liquid.

এখানে Gold হল Material কারণ এর অর্থ স্বর্ণ এটা গণনা করা যায় না বরং এটা ওজনের মাধ্যমে পরিমাপ করা হয় অনুরূপভাবে দ্বিতীয় উদাহরণের Water হল Material কারণ এর অর্থ পানি এটা গণনা করা যায় না বরং এটা ওজনের মাধ্যমে পরিমাপ করা হয়। অনুরূপভাবে নীচের মোটা অক্ষরের শব্দগুলিও তাই বুঝাচ্ছে-

(c) He is eating **rice**.

(d) **Sugar** is sweet.

(e) **Milk** is white.

(e) **Abstract Noun:** যা দ্বারা দোষের নাম, গুণের নাম বুঝায়, অবস্থার নাম বুঝায়, যা ধরা যায় না, ছোয়া যায় না, শুধুমাত্র অনুভব করা যায় তাহাই Abstract Noun. যেমন:

(a) **Kindness** is a great virtue. (b) **Honesty** is the best policy.

এখানে প্রথম উদাহরণের Kindness দ্বারা একটা গুণের নাম বুঝাচ্ছে কারণ দয়ালা এটা গুণ কিন্তু দয়া এটা একটা গুণের নাম। অনুরূপভাবে দ্বিতীয় উদাহরণের Honesty হল Abstract Noun কারণ এর অর্থ সততা এটা একটা গুণের নাম বুঝাচ্ছে কারণ সৎ এটা গুণ কিন্তু সততা একটা গুণের নাম। অনুরূপভাবে নীচের মোটা অক্ষরের শব্দগুলিও তাই বুঝাচ্ছে--

(a) **Patience** has its reward. (b) **Unity** is strength. (c) **Friendship** makes a man happy.

**যখন কোন শব্দের শেষে cy, ce, age, ry, ice, ship, tion, ness, ism, ty, ment ইত্যাদি থাকবে তখন সে গুলি Abstract Noun হবে যেমন: Advice, carefulness, wisdom, growth, accuracy, heroism.

এছাড়াও নিম্নলিখিত পাঁচ প্রকারের শব্দ **Abstract Noun** হিসাবে গণ্য হবে।

(a) Quality(গুণবাচক শব্দ)	Gentleness, Greatness, Strength,
(b) State(অবস্থা বাচক শব্দ)	Healthy, sickness, Childhood, freedom,
(c) Action(কাজ বাচক শব্দ)	Arrival, Departure, education, obedience
(d) Name of Science and Arts (Science এবং Arts এর Subject সমূহের নাম)	Chemistry, Physics, Logic, Economics
(e) Name of Disease (রোগের নাম)	Malaria, Asthma, Gastric, Dysentery,

Function of a Noun in the sentence:

(1)বাক্যের Subject হিসাবে বসে	The dog is faithful to its master.
(2) বাক্যের Object হিসাবে বসে	He reads a book. I'll buy a pencil.
(3) Verb এর Complement হিসাবে বসে	We made him captain. He is a teacher
(4) Preposition এর Object হিসাবে বসে	He was absent from the meeting.
(5)Case in Apposition হিসাবে বসে	Kamal, the teacher of Dhaka University is a pious man.

Home Work

a. Find out noun from the following:

- Have you heard her name?
- A lot of practice is needed to keep balance.
- No one knows the answer.
- Who knows the man?
- He believes in God.
- I am sure of his success.
- He is the captain of this class.
- They are talking to Rahim.
- I know the man who came here yesterday.
- He is the captain of this class.

b. Identify proper, common, collective, material and abstract noun from the following:

- He is an honest man.
- Raju and Saju are talking in the field.
- The committee will take the decision.
- Dhaka is the capital of Bangladesh.

- 5) The Muslims fast during Ramadan.
- 6) February is the second month of English year.
- 7) Water is necessary for all.
- 8) Gold is a precious metal.
- 9) He passed the examination last year.
- 10) Kindness is a great virtue.

PRONOUN


Definition:

A Pronoun is a word used instead of a Noun. অর্থাৎ Noun এর পরিবর্তে ব্যবহৃত শব্দকে Pronoun বলে।

Example: Salim has a book. He reads the book. He reads it.

এখনে প্রথম বাক্যে Salim শব্দটি Subject হয়েছে দ্বিতীয় ও তৃতীয় বাক্যে Salim এর পরিবর্তে He শব্দটি Subject হিসাবে ব্যবহার হয়েছে।

Classification: Pronoun কে ৮ ভাগে ভাগ করা যায়। নীচে ছকের মাধ্যমে সেটি দেয়া হলঃ



এখন এদের বিস্তারিত উদাহরণসহ দেয়া হলঃ

Name	Example in words	Example in sentences
Personal	I, we, he, she ,it, my, his, her	We know the matter very well. He came in the evening.
Demonstrative	This, That, These, Those	These were lost last night. That was her pen.
Distributive	Each, Every, Either, Neither	Each of the boys has got A+. Either of the pen will do.
Interrogative	Who, What, Whom, Whose	Who came late today? What do you know about it?
Relative	Who, What, Which, Whom	I know who came here yesterday. Do what he says to do.
Indefinite	One, Someone, Anyone	One can help you. Some one has done it.
Reflexive	Myself, Himself, Themselves,	I myself did it. He killed himself.
Reciprocal	Each other, One another	They are talking to each other.

1. **Personal Pronoun:** যে Pronoun ব্যক্তির পরিবর্তে ব্যবহৃত হয়।
Example: a. I know this. b. We have done this. c. You have caught fish.
2. **Demonstrative Pronoun:** যে Pronoun এক বা একাধিক ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে।
Example:
 (a) This is my pen. (b) These are mine.
 (c) That is her bag. (d) The climate of Sylhet is better than that of Dhaka.
3. **Interrogative Pronoun:** যে সব Pronoun প্রশ্ন করার কাজে ব্যবহৃত হয়। **Example:**
 (a) Who are you? (b) What is he? (c) Whom do you love most?
4. **Relative Pronoun:** যে সব Pronoun তার পূর্বোল্লেখিত Noun এর সাথে সম্পর্ক স্থাপন করে।
Example:
 (a) I met the man who had just returned.
 (b) I know what he likes.
 (c) All that glitters is not gold.
5. **Indefinite Pronoun:** যে সব Pronoun কোন ব্যক্তি বা বস্তুকে অনির্দিষ্টভাবে নির্দেশ করে।

Example:

- (a) One should do one's duty.
- (b) Some are born great.
- (c) Many of my friends are talking.

6. **Distributive Pronoun:** যে সব Pronoun প্রত্যেকটি ব্যক্তি বা বস্তুকে পৃথকভাবে বস্তুনির্দেশ করে।

Example:

- (a) Each of the boys gets a prize.
- (b) Everyone has done the sum.
- (c) Either of the girls is very simple.
- (d) Neither of them is here.

7. **Reflexive Pronoun:** যে সব Pronoun Subject-এর কাজটিকে প্রতিফলিত করে। এটি আত্মনির্দেশক Pronoun.

Example:

- (a) I clean my room myself.
- (b) Clean your room yourself.
- (c) The boys cleaned the room themselves.
- (d) The snake is hiding itself.
- (e) We do it ourselves.

8. **Reciprocal Pronoun:** যে সব Pronoun পারস্পরিক সম্পর্ক নির্দেশ করে।

Example:

- (a) Tamal and Kamal helped each other.
- (b) All students are talking to one another.

Home Work
FIND OUT PRONOUN FROM THE FOLLOWING SENTENCES :

- | | |
|--|--|
| 1. He is greater than she. | |
| 2. He and I went there together. | |
| 3. It was not I who did it. | |
| 4. It is a sin to tell a lie. | |
| 5. You have wronged me. | |
| 6. His pen is finer than yours. | |
| 7. Our school is better than theirs. | |
| 8. The roads of Dhaka are better than those of Khulna. | |
| 9. He will do the same as his brother. | |
| 10. This pen is old, please give me a new one. | |

Spoken English-3
Small Talk

Telling how you have been doing-Positive

- Keeping busy
- Keeping myself busy
- Keeping out of trouble.



ফেসবুকঃ www.facebook.com/tanbir.cox



ই-মেইলঃ tanbir.cox@gamil.com

Telling how you have been doing-Negative

- Not good.
- Not so good.
- Not great.



স্কাইপঃ tanbir.cox

Number: ব্যক্তি বা বস্তুর সংখ্যাকে Number বলা হয়।

Number এর প্রকারভেদ: ইংরেজীতে Number দুই প্রকার যথাঃ

- a. Singular Number. b. Plural Number.

Singular Number: যে Word দ্বারা একটি Noun/Pronoun কে নির্দেশ করা হয় তাকে Singular Number বলে। যথাঃ- Boy, man, pen

Plural Number: যে Word দ্বারা একের বেশী Noun/Pronoun নির্দেশ করা হয় তাকে Plural Number বলা হয়। যথাঃ- Boys, men, pens

শুদ্ধ ইংরেজী জানার জন্য কিভাবে Singular Number থেকে Plural Number করতে হয় তা জানা দরকার। নীচে Singular Number থেকে Plural Number করার নিয়ম আলোচনা করা হলঃ

১. সাধারণতঃ Singular Number এর শেষে S যোগ করে Plural Number করতে হয়। যথাঃ

Singular	Plural
Book	Books
Pen	Pens
Chair	Chairs
Boy	Boys
Girl	Girls

Singular	Plural
Novel	Novels
Table	Tables
Spoon	Spoons
Khata	Khata
Computer	Computers

২. যদি Singular Number এর শেষে Sh, Ch, SS, X, Z (যদি Ch এর উচ্চারণ চ এর মত হয়) থাকে, তাহলে এদের শেষে ES যোগ করে Plural Number করতে হবে। যেমনঃ

Singular	Plural
Loss	Losses
Bush	Bushes
Bench	Benches
Box	Boxes
Topaz	Topazes

Singular	Plural
Glass	Glasses
Bus	Buses
Dish	Dishes
Ass	Asses
Match	Matches

তবে Ch এর উচ্চারণ যদি ক এর মত হয় তাহলে ES যোগ না হয়ে শুধুমাত্র S যোগ করে Plural Number করতে হবে। যেমনঃ

Singular	Plural
Monarch	Monarchs

Singular	Plural
Stomach	Stomachs

৩. যদি Singular Number এর শেষে একটা মাত্র O থাকে এবং তার আগের অক্ষরটি Consonant হয় তাহলে তাদেরকে ES যোগ করে Plural Number করতে হবে। যথাঃ-

Singular	Plural
Hero	Heroes
Mango	Mangoes

Singular	Plural
Potato	Potatoes
Volcano	Volcanoes

তবে যদি দুইটা O থাকে বা এর আগের অক্ষরটি Vowel হয় তাহলে আর ES যোগ করা যাবে না তখন শুধুমাত্র S যোগ করে Plural Number করতে হবে। যেমনঃ

Singular	Plural
Cuckoo	Cuckoos
Bamboo	Bamboos

Singular	Plural
Folio	Folios
Studio	Studios

ব্যতিক্রমঃ-এই নিয়মের কিছু ব্যতিক্রম আছে অর্থাৎ Singular Number এর শেষে একটা মাত্র O আছে এবং তার আগের অক্ষরটি Consonant আছে তা সত্ত্বেও তাদেরকে S যোগ করে Plural Number করতে হবে। যথাঃ-

Singular	Plural
Photo	Photos
Piano	Pianos

Singular	Plural
Radio	Radios

৪. Singular Number এর শেষে যদি Y থাকে এবং Y এর আগের অক্ষরটি যদি Consonant হয় তাহলে Y উঠে যাবে অতঃপর তার সাথে ies যুক্ত হয়ে Plural Number হবে। যেমনঃ-

Singular	Plural
Lady	Ladies
baby	babies

Singular	Plural
Army	Armies
Fly	Flies

তবে Singular Number এর শেষে যদি Y থাকে এবং Y এর আগের অক্ষরটি যদি Vowel হয় তাহলে আর Y উঠবে না বরং তার সাথেই S যুক্ত হয়ে Plural Number হবে। যেমনঃ-

Singular	Plural
Boy	Boys
Toy	Toys

Singular	Plural
Key	Keys
Monkey	Monkeys

৫. Singular Number এর শেষে যদি f /fe থাকে তাহলে f /fe উঠে যাবে অতঃপর তার সাথে ves যুক্ত হয়ে Plural Number হবে যেমনঃ-

Singular	Plural
Life	Lives
Calf	Calves

Singular	Plural
Half	Halves
Knife	Knives

তবে Singular Number এর শেষে যদি oof, ief, fe, ff, rf, থাকে তাহলে আর উঠবে না বরং তার সাথেই S যুক্ত হয়ে Plural Number হবে। যেমনঃ

Singular	Plural
Roof	Roofs
Proof	Proofs

Singular	Plural
Dwarf	Dwarfs
Cliff	Cliffs

ব্যতিক্রমঃ- তবে এই নিয়মের ব্যতিক্রম আছে। যেমনঃ-

Singular	Plural
Safe	Safes
Strife	Strifes

Singular	Plural
Thief	Thieves

আবার কিছু কিছু Singular Number আছে যাদের শেষে ff, rf, oof আছে তাদেরকে দুইভাবে Plural Number করা যায় যথাঃ-

Singular	Plural
Staff	Staffs/Staves
Wharf	Wharfs/Wharves

Singular	Plural
Scarf	Scarfs/carves
Hoof	Hoofs/Hoves

৬. কিছু কিছু Singular Number আছে যাদের মধ্যের Vowel পরিবর্তন করে Plural Number করতে হবে। এক্ষেত্রে যদি ভিতরে দুইটা oo থাকে তাহলে তাদেরকে দুইটা ee তে পরিণত করতে হবে অনুরূপভাবে যদি a থাকে তাহলে তাদেরকে e তে পরিণত করতে হবে। আবার যদি ouse থাকে তাহলে ouse উঠে ice যুক্ত হবে। যেমনঃ-

Singular	Plural
Man	Men
Woman	Women
Goose	Geese
Louse	Lice

Singular	Plural
Foot	Feet
Tooth	Teeth
Mouse	Mice

৭. কিছু কিছু Singular Number আছে যাদের শেষে en, ren, ne করে Plural Number করতে হবে।

Singular	Plural
Ox	Oxen
Child	Children

Singular	Plural
Brother	Brothers/Brethren
Cow	Cows/Kine

৮. Compound Noun এর শেষে যদি man শব্দ থাকে এবং সেই man শব্দ দ্বারা মানুষ বুঝায় তাহলে man শব্দটিকে men করে Plural Number করতে হবে। যেমনঃ

Singular	Plural
Fisherman	Fishermen
Boatman	Boatmen

Singular	Plural
Salesman	Salesmen
Workman	Workmen

৯. তবে Compound Noun এর শেষে যদি man শব্দ থাকে এবং সেই man শব্দ দ্বারা যদি মানুষ না বুঝায় তাহলে man শব্দটির সাথে S যোগ করে Plural Number করতে হবে। যেমনঃ

Singular	Plural
Mussalman	Mussalmans
Brahman	Brahmans

Singular	Plural
German	Germans
Norman	Normans

১০. যে সমস্ত Compound Noun দুই বা ততোধিক শব্দ দিয়ে গঠিত হয় এবং এদের মধ্যখানে Hyphen থাকে তাদেরকে Plural Number করতে হলে কিছু আছে যাদের প্রধান অংশের সাথে S যোগ করে Plural Number করতে হবে। যেমনঃ

Singular	Plural
Brother -in-law	Brothers-in-law
Sister-in-law	Sisters-in-law
Maid-servant	Maid-servants

Singular	Plural
Passer-by	Passers-by
Step-sister	Step-sisters
Commander-in-chief	Commanders-in-chief

আবার কিছু কিছু Compound Noun আছে যাদের উভয় অংশের সাথেই S যোগ করতে হয়। যেমনঃ-

Singular	Plural
Lord-justice	Lords -justices
Man-servant	Men-servants

Singular	Plural
Woman-servant	Women-servants

১২. বিদেশ থেকে আগত কিছু শব্দ আছে যাদেরকে Plural Number করার সময় নীচের নিয়মগুলি অনুসরণ করা যেতে পারে। যথাঃ
ক. কিছু Greek Word আছে, তাদের শেষে যদি **is** থাকে তাহলে **is** উঠে **es** যুক্ত হবে। যথাঃ-

Singular	Plural
Axis	Axes
Analysis	Analyses
Basis	Bases
Thesis	Theses

Singular	Plural
Crisis	Crises
Parenthesis	Parentheses
Hypothesis	Hypotheses
Synopsis	Synopses

- খ. যদি Singular Number এর শেষে **us** থাকে তাহলে **us** উঠে **i** যুক্ত হবে যথাঃ

Singular	Plural
Alumnus	Alumni
Focus	Foci
Radius	Radii/ Radiuses

Singular	Plural
Syllabus	Syllabi/ Syllabuses
Terminus	Termini/ Terminuses
Locus	Loci

- গ. কিছু Latin Word আছে যাদের শেষে যদি **um** থাকে তাহলে **um** উঠে **a** যুক্ত হবে যথাঃ

Singular	Plural
Agendum	Agenda
Datum	Data
Referendum	Referenda

Singular	Plural
Medium	Media
Memorandum	Memoranda
Erratum	Errata

- ঘ. যদি Singular Number এর শেষে **ix / ex** থাকে তাহলে **ices** যুক্ত হবে যথাঃ

Singular	Plural
Appendix	Appendices

Singular	Plural
Vertex	Vertices

- ঙ. কিছু Greek Word আছে যাদের শেষে যদি **a** থাকে তাহলে তার সাথে **s/e** যুক্ত হবে আবার যদি শেষে **on** থাকে তাহলে তার সাথে **a** যুক্ত হবে। যথাঃ

Singular	Plural
Formula	Formulae/Formulas
Criterion	Criteria

Singular	Plural
Phenomenon	Phenomena

বি.দ্র: আরও বিস্তারিত জানার জন্য পড়ুন A University Grammar of English by Randolph Quirk and Sidney Greenbaum Edition-1995 Page-88.

HOME WORK

1. Turn the following into Plural.
Box, Child, Book, Stomach, noise,
2. Turn the following into Plural.
Name, Formula, Appendix, life, calf,
3. Turn the following into Plural.
Leaf, lady, louse, mouse, maid servant,
4. Turn the following into Plural.
Lord, justice, army, fly, Medium, knife

Spoken English-4

Small Talk

Explaining that you have been busy

I am busy.

Keeping busy .

Inviting a friend for a drink or coffee

Do you have time for coffee?

How about a cup of coffee?

Let's go for coffee.


When you have just been introduced to someone

Verb: যে word দ্বারা কোন কাজ করা বা হওয়া বুঝায় তাকে verb বলে। যেমন :

a) He walks slowly. b) We know it.

উপরের উদাহরণদ্বয়ের দাগ দেয়া অংশটুকু verb কারণ এগুলি কাজ করা বুঝাচ্ছে। কেননা প্রথমটির অর্থ 'হাটা' এবং দ্বিতীয়টির অর্থ 'জানা'।

Kinds of Verb:



উপরের ছক থেকে আমরা বুঝতে পারি Verb প্রধানতঃ দুই প্রকার যথা :

(i) Finite Verb ও (ii) Non-finite Verb.

(i) **Finite Verb:** Subject এর Number ও Person অনুযায়ী যে Verb পরিবর্তন হয় তাকে Finite Verb বলে। যেমন :

a. He goes to college. b. Rana knows it.

উক্ত Sentence দুয়ের verb যথাক্রমে goes ও knows উক্ত verb দ্বয় তাদের Subject → He ও Rana এর কারণে es বা s গ্রহণ করেছে।

Finite Verb এর প্রকারভেদ : Finite Verb কে দুই ভাগে ভাগ করা যায়। যথা:

(i) Principal Verb (ii) Auxiliary Verb

(i) **Principal Verb:** যে Verb অন্য কোন Verb এর সাহায্য ছাড়া স্বাধীনভাবে সম্পূর্ণ অর্থ প্রকাশ করে তাকে Principal Verb বলে। যেমন :

a. We play cricket. b. Man makes fire.
c. People know it. d. We need money.

এখানে play, makes, know এবং need এগুলি মূল verb কারণ এইগুলি নিজেরাই স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারছে।

(ii) **Auxiliary Verb:** যে Verb মূল Verb কে বিভিন্ন প্রকার Sentence গঠনের জন্য সাহায্য করে তাকে Auxiliary Verb বলে। যেমন :

a. I am reading a novel b. Students are making a noise.
c. We should respect our parents.

এখানে am, are ও should এই গুলি Auxiliary Verb কারণ এইগুলি তাদের Principal Verb কে সাহায্য করেছে।

Kinds of Principal Verb: Principal Verb কে আবার ৩ ভাগে ভাগ করা যায়।

(i) Transitive Verb (ii) Intransitive Verb (iii) Linking Verb

(i) **Transitive Verb:** যে Verb তার অর্থ পরিপূর্ণ করার জন্য Object গ্রহণ করে তাকে Transitive Verb বলে। যেমন :

a. He flies a kite. b. We lost the pen.

এখানে flies ও lost উভয় Transitive Verb কারণ তারা Object গ্রহণ করেছে।

(ii) **Intransitive Verb:** যে verb তার অর্থ পরিপূর্ণ করার জন্য Object এর প্রয়োজন বোধ করে না তাকে Intransitive verb বলে। যেমন :

a. The girl sings. b. Birds fly.

এখানে sings ও fly verb দ্বয় intransitive কারণ object গ্রহণ করা ছাড়াই, তারা অর্থ পরিপূর্ণভাবে প্রকাশ করতে পেরেছে।

(iii) **Linking Verb:** যে Verb, Subject এবং Complement এর মধ্যে সংযোগ সাধন করে দেয় তাকে Linking Verb বলে।
যেমন : a. He is a student. b. He was a doctor.

এখানে 'is' ও 'was' linking verb কারণ তারা He এর সাথে student ও doctor এর সংযোগ করে দিয়েছে।

N.B: be, appear, become, feel, get, go, grow, keep, look, prove, sound, run, smell, seem, taste, turn, এই Verb গুলোকে অনেক সময় Linking Verb হিসেবে ব্যবহার করা হয়।

Auxiliary Verb এর প্রকারভেদ : Auxiliary Verb কে তিন ভাগে ভাগ করা যায়। যথা :

a. Primary Auxiliary b. Modal Auxiliary c. Periphrastic Modal Auxiliary.

(a) **Primary Auxiliary:** যে verb অবস্থানুযায়ী সাহায্যকারী আবার অবস্থানুযায়ী Principal verb হিসেবে ব্যবহৃত হয় তাহাই Primary Auxiliary verb.

এদের সংখ্যা ৩টি। যথা : **be, do ও have**

(i) **be** → be এর ৮টি রূপ আছে। যথা : am, is, are, was, were, be, being, been,

যেমন : a. I am a student. b. I am reading English.

এখানে Sentence এ am টি Principal verb হয়েছে আর দ্বিতীয় Sentence এ am টি Auxiliary verb হয়েছে

(ii) **do** → do এর ৩টা রূপ আছে। যথা : do, does, did.

যেমন : a. He did it. b. I did not do it.

এখানে Sentence এ did টি Principal verb হয়েছে আর দ্বিতীয় Sentence এ did টি Auxiliary verb হয়েছে

(iii) **Have** → Have এর ৩ টা রূপ আছে। যথা- Have, Has ও Had

যেমন : a. I have a pen. b. I have lost a pen.

এখানে Sentence এ have টি Principal verb হয়েছে আর দ্বিতীয় Sentence এ have টি Auxiliary verb হয়েছে।

(b) **Modal Auxiliary:** যে verb গুলির পর base form of verb বসে, to বসে না এবং ing ও যুক্ত হয় না তাকে Modal Auxiliary বলে। যেমন : He can do it.

সংখ্যা : Modal Auxiliary এর সংখ্যা ১৩টি। যথা : can, could, may, might, shall, should, will, would, must, need, dare, had better, would rather.

এদের বৈশিষ্ট্য:-

১. এদের পরে to বসে না।

২. এদের পরে ing যুক্ত হবে না।

৩. এদের পরের Verb টি Past বা Past Participle কোনটাই হবে না।

৪. এদের পরের Verb টি Present Form হবে।

৫. এদের পরের Verb টির সাথে s/es যোগ করা যাবে না। সুতরাং বলা যাবে না- He can does it. He can doing it. He can to do it.

(c) **Periphrastic Modal Auxiliary:** যে verb গুলির পর to আছে এবং to এর Verb টি Present Form হবে তাকে Periphrastic Modal Auxiliary বলে। যেমন : He is going to do it.

সংখ্যা : Periphrastic Modal Auxiliary এর সংখ্যা ৬ টি। যথা : be to, be going to, have to, used to, be about to, ought to.

এদের বৈশিষ্ট্য:-

১. এদের পরে to বসে।

২. এদের পরে ing যুক্ত হবে না।

৩. এদের পরের Verb টি Present Form হবে।

Home Work

1. Find out transitive, intransitive and linking verb from the following.

a. He will read English.

b. They are taking tea.

c. They should supply all things.

d. Will you come here?

e. Do not make a noise.


f. Have you heard the news?

যে সব word- Noun অথবা Pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে Adjective বলে। **Example:**

- (a) She was weak in English.
 (b) The boy was intelligent.
 (c) I was alone.
 (d) There are ten students in this class.
 (e) I need some water.

এখানে প্রথম উদাহরণে weak শব্দ দ্বারা দোষ বুঝাচ্ছে, দ্বিতীয় উদাহরণে intelligent শব্দ দ্বারা গুণ বুঝাচ্ছে, তৃতীয় উদাহরণে alone শব্দ দ্বারা অবস্থা বুঝাচ্ছে, চতুর্থ উদাহরণে ten শব্দ দ্বারা সংখ্যা বুঝাচ্ছে, শেষ উদাহরণে some শব্দ দ্বারা পরিমাণ বুঝাচ্ছে।

Classification



উপরের ছক থেকে বুঝা যায় যে, Adjective প্রধানত: পাঁচ প্রকার যথা:

Adjective of Quality	কেমন বলে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাহা Adjective of Quality	honest, true, good, bad, clever, lazy, weak, intelligent, old, healthy, wide, blue, honest, modest, essential, calm,	He became <u>polite</u> . The boy was <u>honest</u> . He was <u>lazy</u> . The students are <u>intelligent</u> .
Adjective of Quantity	কতটুকু বলে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাহা Adjective of Quantity	little, some, many, few, less, enough,	I ate <u>some</u> rice. I have <u>little</u> money. You had <u>enough</u> books
Adjective of Number	কয়জন বলে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাহা Adjective of Number	One, two, three, first, second, third, some, all	The hand has <u>five</u> fingers. It is the <u>first</u> day of the month.
Proper Adjective	যে সকল Adjective Proper Noun থেকে উৎপত্তি হয়েছে	Bangladeshi, American, English, Italian, Spanish	I have an <u>Italian</u> friend. He has some <u>English</u> friends.
Pronominal Adjective	যে সকল Adjective Pronoun থেকে উৎপত্তি হয়েছে	This, That, These, Those	This pen is mine. Those books are theirs.

Classification of Pronominal Adjective

Pronominal Adjective মূলতঃ কোন Adjective নয়। এটি দ্বারা ঐ সমস্ত Adjective কে বুঝায় যে গুলি Pronoun থেকে উৎপত্তি হয়েছে। সুতরাং সেই আলোকে Pronominal Adjective কে নিম্নলিখিত কয়েকভাগে ভাগ করা যায়। যথাঃ

Possessive Adjectives	Possessive Pronoun যখন Noun-এর সাথে ব্যবহৃত হয়।	my, your, his, her, our, their, etc	<u>My</u> pen is costlier than yours.
Demonstrative Adjective	যে সব Pronoun নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে	this, that, these, those	<u>That</u> boy is industrious. <u>Those</u> pictures are remarkable.

Interrogative Adjectives	যে সব Wh Word Adjective এর কাজ করে এবং যা দ্বারা প্রশ্ন করতেব্যবহার করা হয় তাকে Interrogative Adjectives বলে।	What, Whose, How, Whom, Who	<u>What</u> things do you sell? <u>Whose</u> pen is this?
Distributive Adjective	যে সব Adjective কোন Noun-এর প্রতিটিকে নির্দেশ করে	every, either, neither, each	<u>Each</u> boy reads here. <u>Neither</u> of the boys will stay
Emphatic Adjective	যে সব Adjective জোর দিয়ে বুঝায়	very, own	This is the <u>very</u> book that I want. This is our <u>own</u> country.

Identification of Adjective

1. Adjective সাধারণত Noun এর পূর্বে বসে ঐ Noun কে বিশেষিত করে।

Example: (a) Any logical essay is appreciable. (b) The art is an artificial work.
(c) This is an honorary degree. (d) It is an incredible incident.

2. দুইটা Noun পাশাপাশি বসলে পূর্বের Noun টি Adjective হিসেবে গণ্য করা হয়।

Example: A ten page book, a two week vacation, five take note, two day leave, cottage girl, school bag, bed cover, university student.

3. Noun এর পূর্বে ব্যবহৃত সমস্ত Participle হচ্ছে Adjective.

Example: A burnt house, A playing ground.

4. সমস্ত determiners adjective হিসাবে গণ্য করা হয়।

Example: An apple, our country, three lakes, second girl, many books, several people, few friends, less importance, much rice etc.

এখন জানা দরকার determiners কয়টি। এ সম্পর্কে বিস্তারিত জানার জন্য বইটির determiners অধ্যায়টি পড়তে হবে।

নীচে এ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করা হল :-

Determiners হল ৫টি যথা:

- (a) Articles: a, an, the.
- (b) Demonstrative: This, that, These, Those,
- (c) Possessive: My, his, her, your, our, its, their..... .
- (d) Numerals: Two, three, four, five, etc.
- (e) Quantifiers: Some, many, much, a lot, all..... .

Home Work

Find out adjective from the following:

- | | |
|--|------|
| 1. She is a village girl. | Ans: |
| 2. Sujon is a good boy. | Ans: |
| 3. There is much water in the pond. | Ans: |
| 4. Many men many minds. | Ans: |
| 5. Ruma is weak in English. | Ans: |
| 6. He drinks little water. | Ans: |
| 7. Rana earns much money. | Ans: |
| 8. You will get the whole property after my death. | Ans: |
| 9. I donot like that pen. | Ans: |
| 10. They have few friends. | Ans: |
| 11. He is hard of hearing. | Ans: |

যে সব Word Verb, Adjective, Adverb, Phrase বা full sentence কে modify করে অর্থাৎ বিশেষভাবে প্রকাশ করে তাকে Adverb বলে। বা,

যে সব Word ক্রিয়া বা Verb, কখন, কোথায়, কিভাবে এবং কেন কার্য সম্পাদন করে তা বলে দেয় তাকে Adverb বলে।

Example:

- a. The man walks slowly.
 b. He is always late.
 c. The boy runs very fast.
 d. Eventually, I got the first prize.
 e. I have got a very nice college bag.

Classification: Adverb কে তাদের ব্যবহার অনুযায়ী প্রধানতঃ তিন ভাগে ভাগ করা যায় যথাঃ--

- A. Simple Adverb.
 B. Relative Adverb.
 C. Interrogative Adverb.

(A) **Simple Adverb:** যে সকল Word দ্বারা সময়, স্থান, কারণ, পদ্ধতি ইত্যাদি প্রকাশ পায় তাকে Simple Adverb বলে।

For example: a. He comes very slowly. b. He is seen everywhere.

(B) **Interrogative Adverb:** Where, When, Why, How এই Adverb গুলি যখন প্রশ্ন করার কাজে ব্যবহৃত হয় Interrogative Adverb বলে। **Example:**

- a. Where is Rashed? d. When did he go?
 b. How high is the building? e. Why are you late? c. How many boys are there?

(C) **Relative Adverb:** Where, When, Why, How এই Adverb গুলি যখন বাক্যের মাঝখানে বসে একটি সম্পর্ক সৃষ্টি করে তাকে Relative Adverb বলে।

Example: a. I know the reason why he did it.
 b. This is the place where he lives.
 c. Do you know the time when he will go?

Simple Adverb কে নিলিখিত কয়েকভাবে ভাগ করা যায় যথাঃ--

(i) **Adverb of manner:** Verb এর কাজটি সম্পন্ন করার ধরণ বা পদ্ধতি প্রকাশ করে। ক্রিয়াকে কিভাবে বলে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় সেটি Adverb of manner.

Example: a. Please talk politely.
 b. We read the news attentively.
 c. Suddenly, he fell.

এ জাতীয় adverb এর সাথে সাধারণতঃ ly যুক্ত থাকে যেমনঃ slowly, badly, quickly, cordially, hardly, loudly, suddenly, wisely ইত্যাদি এ জাতীয় adverb এর উদাহরণ।

(ii) **Adverb of place:** Verb এর কাজটি সম্পন্ন করার স্থানকে নির্দেশ করে করে। ক্রিয়াকে কোথায় বলে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় সেটি Adverb of place.

Example: a. Come here. b. Let us go out. c. Walk backward.
 d. He goes up and down e. I see him everywhere. f. Go there.

Here, there, up, below, outside, in, near, far, inside ইত্যাদি এ জাতীয় adverb এর উদাহরণ।

(iii) **Adverb of Time:** Verb এর কাজটি সম্পন্ন করার সময়কে প্রকাশ করে। ক্রিয়াকে কখন বলে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় সেটি Adverb of Time.

Example: a. He comes daily. b. Do it now. c. He came yesterday.
 d. Do it again. e. I heard him before. f. Sometimes, he writes to me.

Now, yesterday, ago, last night, last year, last month, currently, presently, today, tomorrow, afterword, soon, already, always ইত্যাদি এ জাতীয় adverb এর উদাহরণ।

(iv) Adverb of Quantity or degree: Adjective বা Adverb এর মাত্রা বা পরিমাণ নির্দেশ করে।

Example:

- a. I am quite happy. b. He is too weak to walk. c. The mango was almost ripe.
d. She is somewhat crazy. e. She is very nice. f. He writes extremely well.

(v) Adverb of order: Verb এর কাজটি সম্পন্ন হওয়ার পর্যায় বা ক্রম প্রকাশ করে।

- Example:** a. He came here once. b. This market sits twice a week. c. He came first.
d. She stood second. e. He went last of all.

Again, frequently, never, sometimes, ever, secondly, once, twice, thrice ইত্যাদি এ জাতীয় adverb এর উদাহরণ।

(vi) Adverb of cause and effect: যে সব Adverb কোন কিছুর কারণ ও ফলাফল নির্দেশ করে।

- Example:** a. He failed because he did not work hard. b. We therefore left the place at once.

Accordingly, consequently, so, because, hence, therefore ইত্যাদি এ জাতীয় adverb এর উদাহরণ।

(vii) Adverb of Affirmation and Negation: যে Adverb দ্বারা হ্যাঁ বা না বুঝায় তাকে Adverb of Affirmation and Negation বলে। যেমন:

- a. Yes, he will come very soon. b. No, he will not come tomorrow.

Home Work

Find out the adverbs from the following:

- | | |
|---|------|
| 1. Our team will play today. | Ans: |
| 2. It may rain tomorrow. | Ans: |
| 3. I clean my teeth everyday. | Ans: |
| 4. It rained yesterday. | Ans: |
| 5. Students are working hard to gain a good result. | Ans: |
| 6. Runa is a very good girl. | Ans: |
| 7. I am quite happy today. | Ans: |
| 8. The horse can run very fast. | Ans: |
| 9. I have hardly any money. | Ans: |
| 10. There are many students in the class room. | Ans: |

Spoken English | 7

Good bye

Simple good byes

Good bye.

Good night.

Good night until next time.

See you later.

I will try to meet you later.

See you tomorrow.

 ফেসবুকঃ www.facebook.com/tanbir.cox

 ই-মেইলঃ tanbir.cox@gamil.com

 স্কাইপঃ tanbir.cox

What is Preposition?

A Preposition is a word placed before a noun or a pronoun to show its relation to some other words in the sentence

Pre=আগে/পূর্বে, position=অবস্থান।

অর্থাৎ Preposition হল সেই সব word যারা কোন শব্দের আগে বসে পূর্ববর্তী word এবং ঐ word এর মধ্যে সম্পর্ক স্থাপন করে। অন্য কথায় বলা যায়, যে Word বা Word সমষ্টি Noun বা Pronoun অথবা Noun equivalent এর সঙ্গে সম্পর্ক স্থাপন করিয়ে দেয় তা-ই Preposition.

Kinds of Preposition:

গঠন কার্য এবং ব্যবহারের ভিত্তিতে Preposition কে ছয়ভাগে ভাগ করা হয়। যেমনঃ

- Simple preposition: at, on, of, but, by etc.
- Double preposition: upon (up+on), without (with+out) etc.
- Compound preposition: about (on+by+out), behind (by+hind) etc.
- Phrase preposition: by means of, in front of etc.
- Participle Preposition: The man went past me.
- Disguised preposition: He gets up at 8 O'clock (O=of)

CONJUNCTION

যে সব Word দুটি word, clause, group of words বা sentence কে join করে।

Classification: Conjunctions are of three types:

1. Co-ordinating conjunction: যে সব Conjunction দুই বা ততোধিক clause কে সংযুক্ত করে।

যেমনঃ therefore, then, thus, however, only, while, whereas, nevertheless.

Example:

- | | |
|---|---|
| a) I went to college <u>and</u> took the class. | h) He ran fast <u>yet</u> he could not get the train. |
| b) Work hard <u>and</u> you will pass. | i) I hate him <u>for so</u> he is lazy. |
| c) The day is wet <u>and</u> cold. | j) He <u>as well as</u> his friends is lazy. |
| d) The knife is not sharp <u>but</u> blunt. | k) He <u>along with</u> his friends is coming. |
| e) Hasan <u>or</u> Mahmud will come here. | l) I worked <u>while</u> he was sleeping. |
| f) Walk fast <u>or</u> you will miss the bus. | m) He wrote <u>whereas</u> I read. |
| g) I am sure <u>that</u> he will pass. | |

2. Subordinating conjunction: যে সব Conjunction subordinate clause কে main clause-এর সাথে সংযুক্ত করে এবং একে অপরের উপর নির্ভরশীল থাকে। **Example:**

- I had reached the college before the examination began.
- Don't go out if it rains. I did not go because I did not know.
- It is one month since I received the letter.
- As/since you like it, I will give it.
- He could not reach though he walked fast.
- Sit here till/until I finish my work.
- They will not come unless I play.
- You ran after I had seen you.
- He looks as if / as though he saw a ghost.
- Walk slowly lest you should fall down.

3. Correlative Conjunction: যে সব Conjunction জোড়ায় জোড়ায় বসে দুটি Word, Clause বা Sentence কে পরস্পর সম্পর্ক যুক্ত করে। **Example:**

- Both Salim and his brother are absent today.
- He has both strength and money.
- The day was either wet or dry.

d) Either he or his father has done that.

INTERJECTION

যে সব word দ্বারা সাময়িক আনন্দ, দুঃখ, বিষাদ, বিস্ময় বা আবেগ প্রকাশ পায়।

- (i) Hurrah! We have won. (Happiness/আনন্দ)
- (ii) Alas! I failed. (Distress, sorrow/দুঃখ)
- (iii) What a beautiful scenery it is! (wonder/বিস্ময়)
- (iv) How beautiful the scenery is! (Wonder/বিস্ময়)
- (v) Bravo! You have done well. (Approval/অনুমোদন)
- (vi) Fie! Fie! (Hatred/ঘৃণা, making fun/ঠাট্টা করা)
- (vii) Hi!, Hello! (calling/আহবান)
- (viii) Hess!, Humph! (doubt/সন্দেহ)
- (ix) Hush! (Attention/মনোযোগ আকর্ষণ)

Home work

Find out preposition conjunction & interjection:

- 1. I know nothing about him. Ans:
- 2. The knife is not sharp but blunt. Ans:
- 3. Write an essay on flood. Ans:
- 4. Hasan or Mahmud will come here. Ans:
- 5. Walk fast or you will miss the bus. Ans:
- 6. I am sure that he will pass. Ans:
- 7. I saw him in the park. Ans:
- 8. I have neither a pen nor a book. Ans:
- 9. The field is so small that I cannot play. Ans:
- 10. It was beyond my means to go there. Ans:
- 11. I shall go out whether the day is wet or not. Ans:
- 12. The shirt has the same colour that I wear. Ans:
- 13. I am sure of his success. Ans:
- 14. Karim is no less strong than Rahim. Ans:
- 15. The dog is as clever as the fox. Ans:

Spoken

8

Simple agreement

You are right

Right you are

Sure

You got it.

Absolutely

Agreeing with a speaker

So it seems.


So it would seem.

Definition: Sentence হলো language এর একক যা একটি word বা একাধিক শৃঙ্খলাবদ্ধ word দ্বারা তৈরী, যাতে সচরাচর একটি subject ও একটি verb থাকে, যার sense ও meaning আছে এবং expression প্রকাশে সক্ষম। সুতরাং, সংক্ষেপে আমরা বলতে পারি যে, word বা word গুচ্ছ যদি sense, meaning এবং expression সহ একটি language এর unit হিসেবে কাজ করতে পারে, তাই sentence. ইংরেজিতে-

A word or a set of ordered words having sense, meaning and expression and acting as a unit of a language is called a sentence. যেমন-

- He comes here everyday.
- I know the matter very well.
- Rashed can not read English fluently.

Classification of Sentence



উপরের ছক থেকে সহজেই বুঝা যাচ্ছে Sentence কে দুইভাবে ভাগ করা যায় যথাঃ-

- অর্থ অনুযায়ী (According to Meaning)
- গঠন অনুযায়ী (According to Structure)

ক. অর্থ অনুযায়ী (According to Meaning)

Simple English Sentence কে Meaning অনুযায়ী পাঁচ ভাগে Classify করা যায়। যেমনঃ-

- Assertive Sentence
- Interrogative Sentence.
- Imperative Sentence এবং
- Optative Sentence
- Exclamatory Sentence

Assertive Sentence

যে sentence দ্বারা কোন কিছুর বিবৃতি বা বর্ণনা দেওয়া বুঝায় তাকে Assertive Sentence বলে। যেমন :

I am going to speak to the manager today. He is not a bad boy.

চিনার উপায়ঃ- Assertive Sentence এর শুরুতে সর্বদাই একটা Subject থাকবে।

Assertive Sentence এর Structure :- Subject + Verb + ----- .

Interrogative Sentence

যে sentence দ্বারা কোন প্রশ্ন করা বুঝায় তাকে Interrogative Sentence বলে।

যেমন : Will you see him today? Who do you want to speak to?

চিনার উপায়ঃ- Interrogative Sentence এর শেষে সর্বদাই একটা Note of Interrogation(?) থাকবে।

Interrogative Sentence এর Structure :- a. Auxiliary Verb + Subject + -----?

b. Wh + auxiliary Verb + Subject + -----?

Imperative Sentence

যে sentence দ্বারা কোন আদেশ, উপদেশ, অনুরোধ, নিষেধ ইত্যাদি প্রকাশ পায় তাকে Imperative Sentence বলে।

যেমন : Speak to the author today. Follow this way.

চিনার উপায়ঃ- Imperative Sentence এর শুরুতে একটা Verb/Let/Please/Kindly থাকবে।

Imperative Sentence এর Structure :- a. Verb+-----.

b. Let+obj+Verb+-----

c. Donot+Verb+-----

d. Please/Kindly+ Verb+-----

Optative Sentence

যে sentence দ্বারা কোন ইচ্ছা বা প্রার্থনা প্রকাশ পায় তাকে Optative Sentence বলে। যেমন : May Bangladesh win. Long live Bangladesh

চিনার উপায়ঃ- Imperative Sentence এর শুরুতে May/ Long live থাকবে।

Optative Sentence এর Structure :- a. May + Subject + Verb+-----.

b. Long live+ Subject+-----.

Exclamatory Sentence

যে sentence দ্বারা মনের হর্ষ, বিষাদ, ঘৃণা, ক্ষোভ, ধিক্কার ইত্যাদি প্রকাশ পায় তাকে Exclamatory Sentence বলে। যেমনঃ What a noise they are making!, Hush ! The baby is sleeping.

চিনার উপায়ঃ- Exclamatory Sentence এর শুরুতে Ah!/Oh!/Alas!/Hurrah/Hush! ইত্যাদি Exclamatory বাচক শব্দ থাকতে পারে অথবা ইহা What/How দ্বারা শুরু হতে পারে।

Exclamatory Sentence এর Structureঃ

a. What+article+ adj+noun+Subject+Verb!

b. How+adjective+Subject+Verb+!

c. Exclamatory Word +Subject+Verb+.....

NB. এই পাঁচ রকম **Sentence** এর প্রত্যেকটিকে আবার দুই ভাগে ভাগ করা যায়। যেমন :

i) Affirmative sentence

ii) Negative sentence.

i) Affirmative sentence: হ্যাঁ-বাচক বা ইতিবাচক বাক্যকেই ইংরেজিতে Affirmative sentence বলে।

যেমন: In our country, corruption is everywhere.

ii) Negative sentence: নেতিবাচক বা না-বাচক বাক্যকেই ইংরেজিতে Negative sentence বলে।

যেমন: Farid was not an extrovert.

খ. গঠন অনুযায়ী (According to structures):

Structure অনুযায়ী sentence তিনভাগে ভাগ করা হয়। যথাঃ-

(a) Simple Sentence.

(b) Complex Sentence

(c) Compound Sentence.

পরবর্তীতে এ সম্পর্কে আলোচনা করা হবে।

Home Work

Find out assertive, interrogative, imperative, optative and exclamatory sentence.

(1) Shahana missed the bus.

Ans:

(2) May Allah help you.

Ans:

(3) Have you ever seen the zoo?

Ans:

(4) Long live Bangladesh.

Ans:

(5) Who will go there?

Ans:

(6) Do not make a noise in the class.

Ans:

(7) What a dangerous thing a little learning is!

Ans:


(8) We must obey our parents.

Ans:

Definition: যে সকল শব্দ দ্বারা কোন noun কে নির্দিষ্ট বা অনির্দিষ্ট করে বোঝানো হয় তাকে **Article** বলা হয়।

বা A, An ও The কে ইংরেজীতে **Article** বলা হয়।

Kinds:



উপরের ছক থেকে সহজেই বুঝা যায় Article দুই প্রকার। যথা:

1. Definite Article এবং 2. Indefinite Article.

The হলো Definite Article এবং A ও An হলো Indefinite Article.

Definite Article: যদি আমরা কোন noun কে নির্দিষ্ট করে বোঝাতে চাই তবে Definite Article ব্যবহার করতে হয়।

Examples: (a) The bird is flying in the blue sky. (b) The doctor has come.

Note: এখানে আমরা একটি নির্দিষ্ট পাখি ও একজন নির্দিষ্ট ডাক্তারকে বুঝি যারা বক্তা ও শ্রোতা উভয়েরই পরিচিত।

Indefinite Article: আমরা যদি একটি Noun কে অনির্দিষ্ট করে ব্যবহার করি তবে Indefinite Article ব্যবহার করতে হবে।

Examples: (a) A police man has come. (b) I saw an old lady in the street.

Note: এখানে Police man বা lady এর কেউই কোন নির্দিষ্ট Police বা Man নয়। তারা বক্তার বা শ্রোতার পরিচিত নয়। তাই বলা যায় যে সাধারণতঃ Singular Countable Noun এর পূর্বে নিয়মানুযায়ী a/an বসবে, অন্যদিকে Singular Countable Noun, Plural Countable Noun এবং Uncountable এর আগে The ব্যবহৃত হতে পারে।

A/An	The
There is <i>a</i> fan over my head. I have <i>an</i> umbrella.	<i>The</i> fan runs well. <i>The</i> fans of the room are new. <i>The</i> information I gave you yesterday was true.

Uses of Indefinite Article (A, An):

A. যদি শব্দটা Consonant Sound দিয়ে শুরু হয় তাহলে তার আগে a বসে আর যদি শব্দটা Vowel Sound দিয়ে শুরু হয় তাহলে তার আগে an বসে। **Examples:**

A	An
a boy a woman	an ass an ice-cream
a book a chair	an ant an idiot
a bag a dog	an apple an egg
a cat a horse	an arm an ear an eye

B. কিন্তু vowel দিয়ে শুরু হওয়া সত্ত্বেও যদি একটি শব্দ 'ইউ' বা 'ওয়া' এর মত উচ্চারিত হয় তবে তার পূর্বে A বসে, An নয়। কেননা এখানে এটি Consonant Sound.

Examples: (a) The man has a ewe. (b) I have a European friend. (c) I need a one-taka note.
কেননা এখানে এটি Vowel Sound.

C. যদি শব্দের শুরুতে h আসে এবং তার উচ্চারণ "অ" এর মত হয় তাহলে তার আগে a না বসে an বসে। **Examples:**

(a) Wait for an hour. (b) He is an heir of this property. (c) My father is an honest man.

D. যদি শব্দের শুরুতে abbreviation (সংক্ষেপিত শব্দ) আসে এবং তার উচ্চারণ vowel এর মত হয়, তাহলে তার আগে a না বসে an বসে।

Examples:

(a) His mother is also an M. A. (b) His uncle is an M. P. (c) The man in the chair is an L.L.B.

এখানে প্রথম ও দ্বিতীয় উদাহরণে এম বানান করতে গেলে শুরুতে "এ" আসে তাই এর আগে an বসেছে। অনুরূপভাবে তৃতীয় উদাহরণে এল বানান করতে গেলে শুরুতে এ আসে তাই এর আগেও a না বসে an বসেছে।

E. কিন্তু যদি তার উচ্চারণ Consonant এর মত হয় তাহলে তার আগে a বসবে।

যেমনঃ (a) The man standing before you is a B.A.

More uses of A/An

১. যখন একটি ব্যক্তি বা বস্তুকে প্রথম বা প্রথমবারের মতো নির্দেশ করে তাহলে তার আগে a বা an বসে। **Examples:**
a. I saw *a* man on the street. b. *An* old lady came to our house.
২. Unit বা ওজন বা মাপের একক নির্দেশ করার জন্য Consonant এর আগে a বসে এবং Vowel এর আগে an বসে। **Examples:** a. One hundred centimeters make *a* meter. b. *An* ounce is enough.
৩. সাধারণত: Proper Noun এর আগে কখনও Article বসে না কিন্তু যখন Proper Noun এর সাথে Pronoun এর তুলনা করা হয় তখন তার আগে a বা an বসে। **Examples:**
a. He thinks he is *a* Nazrul. b. You are *a* Robindranath, I see.
৪. একটি অপরিচিত নাম বা পদবীর পূর্বে a বা an বসে। **Examples:**
a. *A* Kamal called on you. b. *An* Arif came here to collect the news.
N. B. এখানে Kamal এবং Arif-এর পূর্বে *A* বা *An* না থাকলে বুঝাবে তারা বক্তা ও শ্রোতার কাছে পরিচিত।
৫. পেশা, শ্রেণী অথবা ব্যবসা বুঝাতে a বা an বসে। **Examples:**
a. He is *a* businessman. b. He is *an* engineer.
৬. 'dozen', 'hundred', 'thousand', 'million' ইত্যাদি বুঝাতে a বা an বসে। **Examples:**
a. Here are *a* dozen of bananas. b. There are *a* thousand people.
৭. Per বা Each অর্থাৎ প্রত্যেক বা প্রতি বুঝাতে a বা an বসে। **Examples:**
a. He earns one thousand rupees *a* month. b. He drives the car at 50 miles *an* hour.
৮. একটি শ্রেণীকে সম্পূর্ণরূপে বোঝাতে a বা an বসে। **Examples:**
a. *A* cow has horns. (i.e. All cows have horns.) b. *An* elephant is also necessary.
৯. যখন Exclamatory Sentences গুলো What দিয়ে শুরু হয় তখন What এর পর a বা an বসে। **Examples:** a. What *a* pretty girl! b. What *a* nice bird it is!
১০. Superlative Degree-এর পূর্বে সাধারণত The বসে তবে superlative যখন very এর অর্থ প্রকাশ করে তখন এর আগে a বসে। **Examples :**
a. He saw *a* most wonderful sight. (a most = a very)
b. This is *a* most interesting story. (a most = a very)
১১. কিছু কিছু Phrase যেমন: 'few', 'little', 'lot of, good deal, great many, good many' ইত্যাদির পূর্বে এবং মাঝে মাঝে Many এর পরে a বা an বসে। **Examples:**
a. Here are *a* lot of books. b. *A* great many soldiers entered the town.
c. I saw *a* good many boys there. d. There are *a* few books on the table.
e. There is *a* little honey in the bottle. f. *Many a* time I have asked you not to do it.

Home Work

FILL IN THE BLANKS WITH APPROPRIATE ARTICLES

1. At school Adeb met ——— lot of people. Ans:
2. Kasem is ——— cleverest boy in our class. Ans:
3. Rashed is — old bearer of——— school. Ans:
4. Doesn't it make — good profit? Ans:
5. Rina's grandmother had — accident. Ans:
6. Anser worked in — garden at his old school. Ans:
7. Gardening is ——— interesting hobby. Ans:
8. ——— blacksmiths were strong. Ans:
9. The students worked for — hour and a half. Ans:
10. Jamal gave — example of beautiful things. Ans:
11. They were looking at ——— old lady. Ans:
12. Once upon — time there were two friends. Ans:
13. Mr. Alam woke up early in __ morning. Ans:
14. Greece is — country in __ south of Europe. Ans:
15. Mr. Rajjak was ——— idle farmer. Ans:
16. Mr. Azam is ——— active farmer. Ans:

Uses of The

১. কোন নির্দিষ্ট বস্তু বা ব্যক্তি বুঝাতে *The* বসে। **Examples:**
 - a. Look at *the* boys. They are peculiarly dressed.
 - b. I want *the* Golden Book of Treasures. *The* book is out of print.
২. সেই Noun-এর পূর্বে যা একবার ব্যবহারের ফলে নির্দিষ্ট হয়ে গেছে তার পূর্বে *The* বসে। **Examples:**
 - a. There is a tree in the garden. *The* tree looks very nice.
৩. সেই Noun এর পূর্বে যার সাথে অতিরিক্ত Phrase বা Clause ব্যবহারের ফলে তা নির্দিষ্ট হয়ে গেছে তার পূর্বে *The* বসে। **Examples:**
 - a. *The* boy who came here is my friend.
 - b. *The* pen which I bought from market is not so good.
৪. Singular Noun-এর পূর্বে যখন *The* ব্যবহার করা হয় তখন তা দ্বারা সমস্ত জাতিকে বুঝায়। **Examples:**
 - a. *The* dog is a faithful animal.
 - b. *The* rose is the sweetest of all flowers.
৫. Material Noun-এর পূর্বে সাধারণত Article বসে না তবে এর পরে যখন of থাকে এবং এটিকে নির্দিষ্ট করা হয় তখন এর আগে *The* বসে। **Examples:**
 - a. *The* gold of the ring is very bright.
 - b. *The* water of the Padma is dirty.
৬. প্রকৃতিতে একটি মাত্র আছে এমন কোন কিছুর নামের পূর্বে *The* বসে। **Examples:**
 - a. *The* sun shines in the sky.
 - b. *The* earth moves round the sun.
৭. যে Noun দ্বারা কোন জাতি বা গোষ্ঠি বোঝায় তার পূর্বে *The* বসে। **Examples:**
 - a. *The* English are industrious.
 - b. *The* Bangalees are intelligent but idle.
৮. কোন Road এর নামের পূর্বে *The* বসে। কিন্তু কোন Street বা Avenue এর নামের পূর্বে নয়। **Examples:**
 - a. The bus is running on *the* Shere Bangla Road.
 - b. The book is bought from College Street.
৯. পেশা বুঝাতে কিছু Noun এর পূর্বে *The* বসে। **Examples:**
 - a. He joined *the* Bar.
 - b. He joined *the* Church.
১০. Ordinal number এর পূর্বে *The* বসে। **Examples:**
 - a. Who is *the* first boy?
 - b. *The* 23rd January is a red letter day. (But January, 23)
১১. সমষ্টি বাচক দেশের নামের পূর্বে *The* বসে। **Examples:**
 - a. *The* U. S. A. (the United States of America.) is a powerful country.
 - b. *The* U. K. (the United Kingdom.) is favourite to all.
১২. Adjective যখন কোন বিশেষ শ্রেণী বোঝায়, তখন তার পূর্বে *The* বসে। **Examples:**
 - a. *The* rich (= rich men) are not always happy.
 - b. *The* poor (= poor men) are not always dishonest.
১৩. Superlative Degree এর পূর্বে *The* বসে। **Examples:**
 - a. He is *the best* boy in the class.
 - b. She is *the most* beautiful girl.
১৪. অনেক সময় শব্দটা Superlative Degree থাকে না কিন্তু sense টা Superlative Degree থাকে তখনও তার আগে *The* বসে। **Examples:**
 - a. He is *the singer* of the day.
 - b. He is *the man* of the match.
১৫. Comparative Degree-এর পূর্বে সাধারণত Article বসে না তবে এর পরে যখন of the two অথবা of+ Proper Noun থাকে তখন Comparative Degree এর পূর্বে *The* বসে **Examples:**
 - a. Rana is the better of *the* two.
 - b. Of Rahim and Karim, Rahim is *the* better.
১৬. যত তত অর্থে Comparative Adverb এর পূর্বে *The* বসে। **Examples:**
 - a. *The* sooner, *the* better.
 - b. *The* more we have, *the* more we want.
১৭. সাধারণতঃ Proper Noun এর পূর্বে *the* বসে না। কিন্তু কিছু কিছু Proper Noun এর পূর্বে *The* বসে সেগুলো হলো **Examples:**
 - Names of holy books(ধর্ম গ্রন্থের নামের আগে): *the* Bible, *the* Quran, *the* Ramayana.
 - Names of newspapers(পত্রিকার নামের আগে): *the* Prothom-Alo, *the* Daily Star.
 - Names of ships(জাহাজের নামের আগে): *the* Titanic, *the* M. V. Akbar.
 - Names of train(ট্রেনের নামের আগে): *the* Silk City, *the* Lalmonirhat Express.
 - Names of aeroplanes(পেনের নামের আগে): *the* Dakota, *the* Boeing 707.
 - Names of space crafts(মহাকাশ যানের নামের আগে): *the* Apollo.
 - Names of famous buildings(বিখ্যাত দালানের নামের আগে): *the* Tajmahal, *the* Victoria Memorial Hall.
 - Names of rivers(নদীর নামের আগে): *the* Padma, *the* Jamuna.

- Names of oceans(মহাসাগরের নামের আগে): the Indian Ocean, the Atlantic Ocean, *the* Pacific Ocean.
- Names of gulfs (উপসাগরের নামের আগে): *the* Persian Gulf, the Bay of Bengal.
- Names of mountain ranges(পাহাড়ের নামের আগে): the Himalayas, the Alps.
- Names of groups of islands(দ্বীপের সমষ্টির নামের আগে): the Andamans, the West Indies, *the* Hebrides.
- Names of desert(মরুভূমির নামের আগে) : *the* Sahara, the Gobi.
- Names of the directions(দিকের নামের আগে) : Go to *the* north and then turn to *the* south.

Note. একটি মাত্র পর্বত বা দ্বীপ, অশুভ্রীপ বা হ্রদের নামের পূর্বে *The* বসে না। Examples:

Mount Abu, Mount Everest, Vesuvius, Ceylon, Sicily, Java and so on.

১৮. যখন Proper Noun এর সাথে Proper Noun এর তুলনা বুঝাবে তখন দ্বিতীয় Proper Noun-এর পূর্বে *The* বসে। **Examples:**

(a) Rabindranath is *the* Shakespeare of India. (b) Dhaka is *the* London of Bangladesh.

১৯. Proper Noun যদি Adjective বা Adjectival phrases বা clauses দ্বারা বিশেষিত হয়, তবে তার পূর্বে *The* বসে। **Examples:**

a. *The* great Caesar is a historical person. b. *The* immortal Kalidas reminds us always.

Home Work

1. Use articles in the blanks.

Dhaka stands on (a)--- Buriganga. It is (b)--- old city. (c)--- city is overpopulated. People of different communities live in the city. Their occupation is not (d)----- same. There is (e)----- engineering university in the city.

Ans: (a) (b) (c)
(d) (e)

2. Use articles in the following blanks

I saw (a)----- one eyed man in the street. He is (b)----- old man. He depends on (c)----- help of others. He can not go (c)----- single day without the help of others. He always looks for (d)----- opportunity to get money from (e)----- rich.

Ans: (a) (b) (c)
(d) (e)

3. Use articles in the blanks.

